

# বেরোবির শিক্ষকের কক্ষ ভাঙ্গচুর : বিচার দাবি

সংবাদ : প্রতিনিধি, নিজস্ব বার্তা পরিবেশক, রংপুর ও বেরোবি  
। ঢাকা, শনিবার, ০৭ সেপ্টেম্বর ২০১৯

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের গনিত বিভাগের সহকারী অধ্যাপক ও বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক মশিয়ার রহমানের অফিস কক্ষে হামলা চালিয়ে ব্যাপক ভাঙ্গচুর চালানোর অভিযোগ উঠেছে। এ ঘটনায় শিক্ষকদের মাঝে আতঙ্কের সৃষ্টি হয়েছে। বিশ্ববিদ্যালয় পুলিশ ফুঁড়ির ইনচার্জ এসআই মহিবুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

পুলিশ ও বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, রোকেয়া বিশ্ববিদ্যালয়ের গনিত বিভাগের সহকারী অধ্যাপক মশিয়ার রহমানের গনিত বিভাগের তার চেম্বারে কে বা কারা তালা ভেঙ্গে ভেতরে প্রবেশ করে ব্যাপক ভাঙ্গচুর করেছে। তার ব্যবহৃত কম্পিউটারসহ মালামাল ভাঙ্গচুর ও কাগজপত্র তচ্ছন্ছ করা হয়েছে বলে জানান ওই শিক্ষক। তিনি বলেন, গত বৃহস্পতিবার সকালে তিনি তার চেম্বারে এসে দরজার তালা ভাঙ্গা দেখতে পান ভেতরে প্রবেশ করে দেখেন কম্পিউটারসহ মালামাল ভাঙ্গচুর ও কাগজপত্র তচ্ছন্ছ করা হয়েছে। বিষয়টি তাৎক্ষণিকভাবে

পুলশ ফাঁড়ুর ইনচার্জ এস আই মাহবুল ইসলামকে জানানো হয়েছে বলে জানান। তবে প্রক্টর আতিয়ার রহমানকে কয়েকদফা ফোন করলেও তিনি ফোন রিসিভ করেননি। এ ব্যাপারে শিক্ষক মশিয়ার রহমান জানান, তিনি দীর্ঘদিন ধরে গনিত ক্লাসের পাশাপাশি জাতির জুনক বঙ্গবন্ধু শেখ মুজিবের অসমাপ্ত জীবন্ত ও কারাগারের রোজনামচা বই থেকে শিক্ষার্থীদের পড়াতেন। এটা আলাদা ভাবেই এ বিষয়ে ক্লাস নিতেন। তার এ কর্মকাণ্ডে বিএনপি ও জামায়াত শিবির চক্র ও বিশ্ববিদ্যালয়ের একটি অঞ্চল চক্র এ ঘটনা ঘটিয়েছে বলে তিনি মনে করেন। তিনি বলেন, এর আগে তাকে বিভিন্নভাবে হুমকি দেয়া হয়েছে সে কারণে এ ঘটনায় দায়ীদের চিহ্নিত করে বিচার দাবি করেছেন তিনি। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় ফাঁড়ির ইনচার্জ এস আই মাহবুল ইসলামের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, শিক্ষকের মৌখিক অভিযোগের ভিত্তিতে তিনি এবং তাজহাট থানার ওসি রোকনুজ্জামান ঘটনাস্থল পরিদর্শন করেছেন। লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেবেন বলে জানান তিনি।